

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর
দ্বিতীয় ১২তলা সরকারী অফিস ভবন (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ২/এলটিইউ-মুসক/জনপ্রশাঃ/২৬/দাপ্তরিক আদেশ/২০২০/৯৬

তারিখঃ ২৬/০১/২০২১ খ্রি.

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ দপ্তরের পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৩১.১৯.০০১.১৮.৫৭০, তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি. এর মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৯৫ এর উপ-ধারা (১ক) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-৬৮ এর উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে এ দপ্তরের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের বকেয়া আদায়ের লক্ষ্যে বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদান করা হয় এবং একই সাথে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ এর বিধান মোতাবেক বকেয়া আদায় কার্যক্রম নিষ্পত্তিপূর্বক সরকারের পাওনা আদায়ের লক্ষ্যে উল্লিখিত সংশ্লিষ্ট বিভাগসমূহের বিভাগীয় কর্মকর্তাগণকে ক্ষমতা অর্পণ করা হয়। এর পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠানসমূহের বকেয়া আদায়ের নিমিত্তে আইনে বর্ণিত সার্টিফিকেট জারী এবং তৎপরবর্তী অগ্রগতির তথ্য সংরক্ষণের লক্ষ্যে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

(ক) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা/বকেয়া আদায় কর্মকর্তা জারীতব্য বকেয়া আদায় সার্টিফিকেট বা প্রযোজ্য অপর কোন স্মারকের [মুসক ফরম-১৪.১ এ বর্ণিত] খসড়া অনুমোদনের পর উক্ত খসড়ায় সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা/শাখা সহকারী কেন্দ্রীয় পরিসংখ্যান ও বকেয়া আদায় তথ্য শাখায় রক্ষিত মুসক ফরম-১৪.৯ মোতাবেক প্রণীত রেজিস্টার হতে সার্টিফিকেট নম্বর গ্রহণ করবেন;

(খ) গৃহীত সার্টিফিকেট নম্বরসহ মুদ্রিত স্বাক্ষর কপি সংশ্লিষ্ট বকেয়া আদায় কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত স্বাক্ষরিত হওয়ার পর নিম্নোক্ত “ছক-ক” এ বর্ণিত প্রযোজ্য সকল তথ্য পূর্বোক্ত রেজিস্টারে সংরক্ষণ এবং সার্টিফিকেট জারীকরণের নিমিত্ত নথিসহ কেন্দ্রীয় পরিসংখ্যান ও বকেয়া আদায় তথ্য শাখায় প্রেরণ করতে হবে;

(গ) কেন্দ্রীয় পরিসংখ্যান ও বকেয়া আদায় তথ্য শাখায় রক্ষিত মুসক ফরম-১৪.৯ মোতাবেক প্রণীত রেজিস্টারে প্রযোজ্য তথ্য সংরক্ষণের পর উক্ত শাখা হতেই গ্রহণ ও প্রেরণ শাখা থেকে জারীকরণ নম্বর গ্রহণ করে উক্ত সার্টিফিকেট জারীর কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত সার্টিফিকেট/ফরম/স্মারকসমূহে আইন ও বিধি মোতাবেক “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার” এর Embossed সীল প্রদানের কার্যক্রমও কেন্দ্রীয় পরিসংখ্যান ও বকেয়া আদায় তথ্য শাখা হতে সম্পন্ন হবে।

০২। জারীকৃত সার্টিফিকেটের অনুক্রমে আইন ও বিধিতে বর্ণিত অন্যান্য জারীতব্য স্মারকের/মুসক ফরমের তথ্যাবলীও একই পদ্ধতি অনুসরণ করে পূর্বোক্ত রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

০৩। জারীকৃত সার্টিফিকেট/মুসক ফরমের ভিত্তিতে রাজস্ব আদায়ের কোন অগ্রগতি অর্জিত হলে তা যথাবিধি সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা নথিতে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণের সঙ্গে সঙ্গে উক্ত রেজিস্টারে লিপিবদ্ধকরণের বিষয়টি নিশ্চিত করবেন।


“ছক-ক”

মুসক-১৪.৯

[বিধি-৭২ এর উপবিধি (৬) দ্রষ্টব্য]

ক্রমিক নং	ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও নিবন্ধন (BIN) নং	বিভাগ/ সার্কেল	জড়িত রাজস্বের পরিমাণ	বকেয়া উদ্ভবের কারণ (রেয়াত/ রাজস্ব)	যে তারিখে কর পরিশোধযোগ্য ছিল	কর নির্ধারণী নোটিশ ও তারিখ	মুসক ফরম	সার্টিফিকেট নং ও তারিখ	স্মারক নং ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


[ওয়াহিদা রহমান চৌধুরী]
কমিশনার

বিতরণঃ সকল কর্মকর্তা/কর্মচারী, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, সেগুনবাগিচা, ঢাকা।